

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮২৬

আগরতলা, ২২ জুন, ২০২২

কদমতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে কোভিড-১৯ টিকাকরণ

উত্তর জেলার আওতাধীন দুটি বিদ্যালয়ে ছাত্রছাত্রীদেরকে কোভিড-১৯ টিকাকরণ করা হচ্ছে। তাতে গত ১৬ জুন বুঙনাঙ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে শ্রীভূমি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এক কোভিড-১৯ টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে ৩৮ জন ছাত্রছাত্রীকে টিকাকরণ করা হয়। এরমধ্যে ১২ থেকে ১৪ বছরের চার জনকে প্রথম ডোজ, ১৬ জনকে দ্বিতীয় ডোজ, ১৫ থেকে ১৮ বছরের ১৮ জনকে দ্বিতীয় ডোজ দেওয়া হয়। টিকাকরণের পাশাপাশি এমপিডব্লিও দেবশিস সিনহা সকল ছাত্রছাত্রীদেরকে কোভিড-১৯ টিকা গ্রহণ করা, কিশোরীদের রক্তে হিমোগ্লোবিনের মাত্রা বজায় রাখার উপায়, পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, জ্বর হলে ম্যালেরিয়া রক্ত পরীক্ষা করার পাশাপাশি ডেস্কু ও ম্যালেরিয়া প্রতিরোধের জন্য নিয়মিত মশারি ব্যবহার, বাড়িঘরের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও যেখানে সেখানে জল জমতে না দেওয়া সহ বিভিন্ন স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা করেন।

কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে গত ১৬ জুন কদমতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এক কোভিড-১৯ টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে ৫৪ জন ছাত্রছাত্রীকে টিকাকরণ করা হয়। এর মধ্যে ১২ থেকে ১৪ বছরের ছয় জনকে প্রথম ডোজ, ৩০ জনকে দ্বিতীয় ডোজ, ১৫ থেকে ১৮ বছরের দুই জনকে প্রথম ডোজ এবং ১৬ জনকে দ্বিতীয় ডোজ দেওয়া হয়। টিকাকরণের পাশাপাশি এমপিডব্লিও অমিত বিশ্বাস সকল ছাত্রছাত্রীদেরকে কোভিড-১৯ টিকা গ্রহণ করা ও সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
